

12

দৈনিক সংবাদ

তারিখ ৩০.৭.১৯৬৬
পৃষ্ঠা ৭

মাদারীপুরে ৭১টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য

মাদারীপুর, ৮ই জুলাই (সংবাদদাতা)।— মাদারীপুর জেলার ৪টি থানায় ৭১টি প্রাথমিক শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। ফলে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়-গুলোতে ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে।

সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা যায়, জেলার শিবচর, রাজৈর, কালকিনি ও মাদারীপুর সদর থানার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৫ জন প্রধান শিক্ষক ও ৪৬ জন সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে।

এর মধ্যে মাদারীপুর সদর থানায় ২ জন প্রধান শিক্ষক ও ২ জন সহকারী শিক্ষক, রাজৈর থানায় ৭ জন প্রধান শিক্ষক ও ১০ জন সহকারী শিক্ষক, কালকিনি থানায় ৩ জন প্রধান শিক্ষক ও ১১ জন সহকারী শিক্ষক এবং শিবচর থানায় ১৩ জন প্রধান শিক্ষক ও ২৩ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে।

শিক্ষা বিভাগের ৭টি

গুরুত্বপূর্ণ পদ শূন্য

মাদারীপুর জেলা প্রাথমিক শিক্ষা বিভাগে ৭টি গুরুত্বপূর্ণ পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। ফলে সংশ্লিষ্ট বিভাগের কাজকর্ম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা যায়, মাদারীপুর সদর থানা শিক্ষা অফিসারের ১টি পদ, মাদারীপুর ও শিবচর থানায় সহকারী শিক্ষা অফিসারের ২টি পদ, মাদারীপুর সদর, কালকিনি ও শিবচর থানা প্রাথমিক শিক্ষা অফিসের অফিস সহকারীর ৩টি পদ এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সহকারী মনিটরিং অফিসারের ১টি পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে।